BORO POLICE STATION PURULIA

W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

M.P. no - 79/18. 317

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist. Purulia Sub Divn. Manbazar P.S. Boro Year 2018 FIR No. 17/18 Date 27/06/18

2. i) Act IPC Sections 420/379/468/471/120B/506 ii) Act ........ Sections ........

iii) Act ........ Sections ........ iv) Other acts & Sections ........

3. a) General Diary Reference : Entry No. 860 Time 16.15 hrs.

b) Occurrence of Offence : Day Thursday Date 11/01/18 Time at 10.00 hrs.

c) Information received Date 27/06/18 Time 16:15 hrs. G.D. No. 860 at the P. S.

4. Type of Information : Written/Oral

5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. Approx 10 km North from P.S.

b) Address vill + P.O - Kharidwara, PS - Boro, Dist - Purulia.

Beat No. JL no - 176, Anchal no - III

c) In case outside limit of this Police Station, then the name of P. S. ........ District ........

6. Complainant / Informant :

a) Name : Dasibala Pal

b) Father's / Husband's Name Lt. Gopal Pal

c) Date / Year of birth Not noted d) Nationality Indian

e) Address vill + P.O - Kharidwara, PS - Boro, Dist - Purulia.

7. Details of known/suspected/unknown/accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

① Nirmal Kumbhakar S/O Sunil Kumbhakar of vill - Tasarbanki, P.O - Bandowan, PS - Barabazar, Dist - Purulia.

② Gouri Shankar Chand

③ Koushik Chand

both S/O Sadhan Chandra Chand.

vill + P.O - Kharidwara, PS - Boro, Dist - Purulia.

8. Reasons for delay in reporting by the complainant/informant ........

9. Prticulars of properties stolen/involved : (Attach separate sheet, if required): Cash Rs - 12,000/-, gold ornaments & utensils.

10. Total value of properties stolen/involved : ........

11. Inquest report/U.D. Case no., if any ........

12. FIR Contents : (Attach separate sheets, if required)

The original typed court complaint of the complainant which is treated as F.I.R is attached here with.

Sd/- 27/06/18

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 420/379/468/471/120B/506 I.P.C.

Officer-in-Charge P.S. Boro Dist.-Purulia

registered the case and took up the investigation/directed SI. Jadab Chakraborty to take up the investigation/transferred to P. S. of Boro P.S. on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

as an original complaint

Signature/Thumb impression of the Complainant/informant

Amit Masanta 27/06/18

Signature of the Officer-in-Charge, Police Station with

Officer-in-Charge P.S. Boro Dist.-Purulia

Name AMIT MASANTA

Rank SI OF POLICE, O/C BORO PS

Number if any DIST- PURULIA

IN THE COURT OF THE CHIEF JUDICIAL MAGISTRATE * PURULIA *
12 JUN 2018

IN THE COURT OF THE CHIEF JUDICIAL MAGISTRATE * PURULIA *
12 JUN 2018

প্রতি,

চিফ জুডিসিয়্যাল ম্যাজিস্ট্রেট, পুরুলিয়া

মিস পিটিশেন নং...79.....২০১৮

আন্ডার সেকশেন - ১৫৬(৩) সি, আর, পি, সি

অভিযোগকারিনীর নাম ও ঠিকানা :

দাসীবালা পাল স্বামী ' গোপাল পাল, গ্রাম ও পো:খড়িদুয়ারা, থানা-বোরো, জেলা-পুরুলিয়া(প:ব:)।

আসামীদের নাম ও ঠিকানা :

১।নির্মল কুম্ভকার পিতা শ্রী সুনিল কুম্ভকার, সাকিম-জেরবাঁকী, পো:-বান্দোয়ান, থানা-বরাবাজার, পরগনা-বরাভূম, জেলা-পুরুলিয়া(প:ব:)।

২।ক)শ্রী গৌরি শংকর চন্দ খ) কৌশিক চন্দ, উভয়ের পিতা শ্রী চন্দ্র চন্দ, গ্রাম ও পো:-খঁড়িদুয়ারা, থানা-বোরো, জেলা-পুরুলিয়া(প:ব:)।

ঘটনার দিন ও সময় :

১১।০১।২০১৮ বাংলা- ২৬শে পৌষ বার - বৃহস্পতি সময় - ১০ টা বেলা।

ভারতীয় দন্ডবিধি আইনের নিম্নোক্ত ধারা প্রযোজ্য :

৪২০, ৩৭৯, ৪৬৮, ৪৭১, আই, পি, সি ।
120B.

Received on 27/06/18 at 16.15 hrs & started Boro PS case no- 17/18 dtd- 27/06/18 u/s 420/379/468/471/120B/506 I.P.C.

27/06/18

( পরের পাতায় )

উক্ত অভিযোগ বোরো থানার বড়বাবুর নিকট পাঠাইয়া তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে, তদনুসারে বিহিত আইন মোতাবেক ব্যাবস্থা গ্রহন করিয়া, নাম বর্নিত দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি বিধানের আজ্ঞাদানে মর্জি হয় ।

মহাশয়,

আপনার নিকট আমার সবিনয় নিবেদন এই যে, আমি আপনার শাসনাধীন বোরো থানার অন্তর্গত খড়িদুয়ারা গ্রামের সহায় সম্বলহীন স্বামীহারা এক অসহায় বৃদ্ধা নারী । আমার কোন সন্তান-সন্ততি নাই । আমি পূর্ন নি:সন্তান । আমাদের অর্থাৎ আমাকে ও আমার স্বামীকে দেখাশুনা ও সেবা শুশ্রুষা করার নিমিত্তে আসামী নং-২, নির্মল কুম্ভকারকে নিজ বাড়িতে রাখিয়া ছিলাম । দীর্ঘদিন বেশ ভালোই ছিলাম । হঠাৎ নির্মল কুম্ভকার আমাদের বললেন যে আমাকে ৫ ডেসিমিল জায়গায় রেজিষ্ট্রি কোবালা দলিল মূলে দিতে হবে । আমি এবং আমার স্বামী তাঁর কথায় রাজী হয় এবং গত ফেব্রুয়ারী মাসে রেজিষ্ট্রি করার নিমিত্তে নিয়ে আসে এবং এই ৫ ডেসিমিল জমির পরিবর্তে আমার স্বামীর অজান্তে তাকে প্রতারিত করে তাঁর সামুদয় সম্পত্তি অর্থাৎ মোট ৪৫, ডেসমিল জায়গা রেজিষ্ট্রেশেন করিয়া লয় । আমার স্বামী কানে শুনতে পাই না, এবং চোখে দেখতে পাই না । তাই সে বুঝতে পারে নাই, কতটা জমি বিক্রয় করিল । তার কয়েক দিন পরে শরীর অসুস্থ হওয়ার কারনে টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় আমার স্বামী এই খড়িদুয়ারার উত্তম কুমার, তপন কুমার

(পরের পাতায়)

IN THE COURT OF THE CHIEF JUDICIAL MAGISTRATE * PURULIA *
12 JUN 2018

৬ ডেঃ জায়গা বিক্রয় করার জন্য স্থির করে । তখন নির্মল কুম্ভকার আসামী নং-১ তাদের প্রতিবাদ করে গোপাল কুমারের আর কোন সম্পত্তি নাই । আমি সমস্ত তাঁর জায়গা রেজেষ্ট্রি কোবালা দলিল মূলে ক্রয় করিয়াছি । সে তাঁর রেজেষ্ট্রিকৃত দলিল সর্ব্ব সমক্ষে দেখাইয়া দিল । এই খবর শুনে আমার স্বামী সাময়িক মূর্চ্ছা যায় । এবং তখন হইতে সে শয্যা-শায়ী হয়ে পড়ে । তার দুই।তিন দিন পর থেকেই সে সব সময় হায় -হায় করতে থাকে । রেজেষ্ট্রির কিছুদিন পরেই তাঁর মৃত্যু হয় । এই মৃত্যুর জন্য সম্পূর্ন দায়ী নাম বর্নিত আসামীগন। নাম বর্নিত আসামী নং-১। নির্মল কুম্ভকার এই অন্ধ বৃদ্ধের নিকট সম্পত্তি প্রতারনা ক্রয় করে সে আবার পুনরায় আসামী নং-২ এবং ৩ অর্থাৎ গৌরী শংকর চন্দ এবং কৌশিক চন্দ পিতা সাধন চন্দ্র চন্দ রেজেষ্ট্রি কোবালা দলিল মূলে ৪৫ ডেঃ ক্রয় করিয়া ৪৮ ডেঃ জায়গা বিক্রয় করেন । এর থেকে এটা সম্পূর্ন বুঝা যায় , আসামীরা ষড়যন্ত্র করেই সকলে মিলে এই গোপাল কুমারকে প্রতারিত করিয়াছে , এবং এই প্রতারনার ফলে তাহার মৃত্যু ঘটিয়াছে । তাহার মৃত্যুর জন্য সম্পূর্ন দায়ী নাম বর্নিত আসামীগন ।

আসামী নং-১ যাবার সময় গোপাল পালের ঘরে একটি গাগরা , যাহাতে কিছু সোনার গহ্না এবং রুপা এবং রুপার টাকা ছিল এবং নগদ ১২০০০। টাকা ছিল সেটা নিয়ে পালায় ।

(পরের পাতায় )

IN THE COURT OF THE CHIEF JUDICIAL MAGISTRATE * PURULIA *
12 JUN 2018

নাম বর্নিত আসামী X নং-২ এবং ৩ বিত্তশালী ব্যক্তি তাঁরা সব সময় আমাকে শাসাইতেছে এবং সমাজে দুষ্ট লোক দিয়ে ভয় দেখাইতেছে তুমি কোনরূপ কোন মালি-মামলা করিবে না। করিলে ঘরে আগুন লাগাইয়া তোমাকে শেষ করিয়া দিব । হুজুর আমি দুর্বল আমার বয়স-৮২ বৎসর, আমি চোখে দেখতে পাইনা । এই দুর্বৃত্তদের অত্যাচারে এবং প্রতারনার আমার স্বামীর মৃত্যু ঘটিয়াছে , এরা আমাকেও মেরে আমার সম্পত্তি নির্বিঘ্নে দখলদারী করার চেষ্টা করিতেছে । আমার একটি টিনের ঘরটি তারা প্রায় দিনেই আমাকে ভয়ে আতংকিত এবং শংকিত করার নিমিত্তে দুর্বৃত্তদের দিয়ে ঘরে পাথর ছুঁড়ে , যাহাতে আমি , ঘরের থেকে চলে যায় । এই নিদারুন দুর্গম অবস্থা থেকে আমি জীবিকা নির্বাহ করিতেছি । আমি সহায় সম্বলহীন আমার কোন আত্মীয়-স্বজন নাই । শেষে আমার পরিনতি কি তাও আমি জানি নাই ।

তাই হুজুর সমীপে শরনাপন্ন হইয়া উপযুক্ত বিচার প্রার্থনায় হুজুর দরবারে নাম বর্নিত দোষী ব্যক্তিদের আইনের বিধিলিপি অনুসারে যাহাতে উপযুক্ত শাস্তি প্রদানে আজ্ঞাদানে মর্জি হয় । তাই হুজুর সমীপে এই অভিযোগ দায়ের করিলাম।

(পরের পাতায় )

IN THE COURT OF THE CHIEF JUDICIAL MAGISTRATE * PURULIA
12 JUN 2018



উক্ত অভিযোগ এফ আই আর মানিয়া বোরো থানায় বড়বাবুর নিকট পাঠাইয়া দিবেন ।

হুজুর, উপরোক্ত ঘটনা তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে, সাক্ষি সাপেক্ষে, বিহিত আইন মোতাবেক ব্যাবস্থা গ্রহন করিয়া, নাম বর্নিত দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি প্রদানে আজ্ঞাদানে মর্জি হয় ।

আন্ডার সেক্শেন - ১৫৬ (৩) সি, আর, পি, সি ।

## সত্যপাঠ

উপরোক্ত ঘটনা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য জানিয়া সুস্থ শরীরে, সাবলীল মনে, সরল অন্তঃকরনে কাহারো প্ররোচনায় প্ররোচিত না হইয়া অভিযোগের মর্ম্ম অবগত হইয়া অদ্যরোজ পুরুলিয়া মোকামে টিপ স্বাক্ষর x দিলাম।

স্বাক্ষর বা টিপ সহি :

তাং- 2/5/18